

Dr. Kazi Shakhawath Hossain

Professor and Chairman

Department of Botany

Jagannath University

Dhaka-1100, Bangladesh

Phone: 88-02-9583766

Mobile: +8801714454541

E-mail: ksh1968@gmail.com

dksh@bot.jnu.ac.bd



ড. কাজী সাখাওয়াত হোসেন

অধ্যাপক ও চেয়ারম্যান

উদ্ভিদবিজ্ঞান বিভাগ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

ঢাকা- ১১০০, বাংলাদেশ

ফোন: ৮৮-০২-৯৫৮৩৭৬৬

মোবাইল: +৮৮০১৭১৪৪৫৪৫৪১

ইমেইল: ksh1968@gmail.com

dksh@bot.jnu.ac.bd

তারিখ: ০৬.১১.২০২০

প্রেস রিলিজ

উদ্ভিদবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ঢাকার উদ্যোগে “উদ্ভিদবিজ্ঞান বিভাগের স্নাতকদের বিদেশে উচ্চ শিক্ষার সুযোগ” (“Scope of Higher Study Abroad for Botany Graduates”) শীর্ষক গুয়েবিনার ০৬ নভেম্বর ২০২০ শুক্রবার সন্ধ্যা ৭ টায় অনুষ্ঠিত হয়। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মীজানুর রহমান এতে প্রধান অতিথি হিসেবে, বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. কামালউদ্দীন আহমদ এবং লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের মাননীয় ডীন প্রফেসর ড. মোঃ সাইফুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে এই অনলাইন সেমিনারে যোগদান করেন। এতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগে সকল ফ্যাকাল্টি এবং দেড় শতাধিক শিক্ষার্থী অংশ গ্রহণ করেন। সেমিনারে শুরুতে স্বাগত বক্তব্য প্রদান করেন উদ্ভিদবিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মো. মনিরুজ্জামান খন্দকার এবং শেষে কৃতজ্ঞতা জ্ঞাপন ও ধন্যবাদ প্রদান করেন সেমিনারের সভাপতি ও বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. কাজী সাখাওয়াত হোসেন। সেমিনার পরিচালনা করেন বিভাগের কনিষ্ঠতম ফ্যাকাল্টি সহকারী প্রফেসর মেফলা সাহা পিংকি। সেমিনারের শুরুতে ৩রা নভেম্বর নির্মম জেল হত্যার দিবসের স্মৃতিচারণ করে চার জন জাতীয় নেতার প্রতি বিনম্র শ্রদ্ধা প্রকাশ করে এক মিনিট নীরবতা পালন করা হয়।


সেমিনারে চীন ও নরওয়েতে উচ্চতর গবেষণারত অত্র বিভাগের ৭ম ব্যাচের এলামনাই তনুশ্রী দত্ত ও ৬ষ্ঠ ব্যাচের এলামনাই আব্দুল্লাহ আল হারুন মেহেদী, অস্ট্রেলিয়া, যুক্তরাজ্যে এবং নেদারল্যান্ডে পিএইচ.ডি গবেষণারত অত্র বিভাগের সহকারী প্রফেসর শারমিন হাসান ও অর্পূর্ব লাল রায়, মুনতাহা মাহনুব এবং আতাউল গনি গুয়েবিনারের বিষয় বস্তুর সাথে সম্পর্কযুক্ত বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন।

সেমিনারে প্রধান অতিথি মাননীয় উপাচার্য প্রফেসর ড. মীজানুর রহমান বলেন বিদেশে লেখাপড়া করে কসবাসের জন্য থেকে যাওয়াটিকে এখন আর মেধা পাচার হিসাবে গণ্য করার সুযোগ নেই। পৃথিবীর যে কোন দেশে সৃষ্ট জ্ঞান দ্রুতই অন্যান্য দেশেও চলে আসছে। আমাদের ছেলে মেয়েরা বিদেশে গেলে বরং রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধিতে অবদান রাখতে পারবে, আমাদের উদ্ভিদবিজ্ঞানীদের উদ্ভাবিত উচ্চতর গবেষণা লব্ধ জ্ঞান কৃষি প্রধান এই দেশের জন্য কল্যাণ বয়ে আনতে পারে। এক্ষেত্রে একটাই বাধা তা হল খুঁকি নেওয়ার সক্ষমতা। খুঁকিটা হল- ধাকা, খাওয়া, টিউশন ফি সহ পূর্ণ ফলারশিপের স্বল্পতা, তবে কোনভাবে টিউশন ফি সম্পূর্ণ ছাড় পাওয়া গেলে অনেক দেশেই নিজের খরচ চলানোর মত পথ বের হয়েই যায়। দ্বিতীয়ত, বিদেশে উচ্চ শিক্ষা নিয়ে দেশে এসে চাকুরী পাওয়া অত্যন্ত কঠিন। বয়স সীমা পার হয়ে যাওয়ায় সরকারী চাকুরী যেমন ধরা ছোঁয়ার বাইরে থাকে, তেমনি বিশ্ববিদ্যালয়গুলোতে উচ্চপদে আভ্যন্তরীণ প্রার্থী থাকায় বাহিরের প্রার্থীদের কঠিন প্রতিযোগিতায় পরতে হয়।

সেমিনারে বিশেষ অতিথি মাননীয় কোষাধ্যক্ষ প্রফেসর ড. কামালউদ্দীন আহমদ গর্ব করে বলেন যে, এই বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগ থেকে পাশ করে অনেকে দেশে বিভিন্ন সরকারি ও বেসরকারি পদে চাকুরী করছেন তেমনি অনেকেই উন্নত দেশে উচ্চতর গবেষণায় নিয়োজিত আছেন।

সেমিনারে বিশেষ অতিথি লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের মাননীয় ডীন প্রফেসর ড. মোঃ সাইফুল ইসলাম বলেন বিদেশে উচ্চ শিক্ষা গ্রহণে জন্য দৃঢ় ইচ্ছা শক্তি থাকতে হবে যে আমি বিদেশে গিয়ে নিজেকে সমৃদ্ধ করব। এর জন্য ফলারশিপের অনেক সুযোগ আছে যেগুলো ইন্টারনেট থেকে খুঁজে বের করতে হবে।

অতিথিবৃন্দ উদ্ভিদবিজ্ঞান খ্যাতিয়েটদের আরো অধিক সংখ্যায় উন্নত দেশে উচ্চ শিক্ষা গ্রহণে এই সেমিনার অনুপ্রাণিত করবে বলে আশাবাদ ব্যক্ত করেন।


০৬/১১/২০২০

(প্রফেসর ড. কাজী সাখাওয়াত হোসেন)